| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৭ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন। | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, ০৫ (পাঁচ) বছরের জন্য (২০২৩-২০২৮) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা হয়েছে। তিনি আরো জানান নতুন প্রকল্প গ্রহন করার সময় প্রকল্প সমূহ টিএলসিসির সভায় উপস্থাপন পূর্বক (PDP) তে সংযোগ করা হয়। আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি- পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP) যথাসময়ে প্রস্তুত এবং এরই ধারা বাহিকতায় উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হওয়ায় পৌরসভাকে সাধুবাদ জানান। | ক. পৌরসভার জন্য ০৫ (পাঁচ) বছরের উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন সংশোধন কাজ সমাপ্ত হয়েছে এবং TLCC-র সভায় সুপারিশ গ্রহনের পর পৌর পরিষদে অনুমোদিত হয়েছে।<br>খ. পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুযায়ী পৌরসভার উন্নয়ন কর্মকান্ড অব্যাহত রাখা।<br>গ. ২০২৫-২০২৬ অর্থ বছরে গৃহিত উন্নয়ন মূলক পরিকল্পনা (PDP) ১০০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-৮ মাস্টার প্ল্যান প্রণয়ন ও মাস্টার প্ল্যান অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করা। | পৌরসভার মাস্টার প্ল্যান বিষয়ে আলোচনাকালে অত্র পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব হাফিজুর রহমান বলেন যে, পৌরসভার মাস্টার প্ল্যান প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। আলোচনাকালে তিনি আরো জানান যে, পৌরসভা উন্নয়ন পরিকল্পনায় মাস্টার প্ল্যান কার্যকর হলে পৌরসভার সৌন্দর্য্য বৃদ্ধি পাবে। পৌরসভায় মাস্টার প্ল্যান প্রণয়ন কার্যক্রম শুরু হওয়ায় সকল সদস্যগণ পৌরসভাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. পৌরসভার সকল উন্নয়ন কার্যক্রম মাস্টার প্ল্যান অনুযায়ী করার সুপারিশ করা হল।<br>খ. স্থায়ীকমিটির সভায় আলোচনা করা।<br>গ. প্রতি TLCC-র সভায় কার্যক্রম সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-৯ পৌরসভার উন্নয়ন কার্যক্রম। | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন করার বিষয়ে আলোচনাকালে শহর পরিকল্পনা ইউনিট (TPU) কমিটির সভাপতি জনাব হাফিজুর রহমান কাওছার সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে সরকারি উন্নয়ন তহবিলের টাকায় এখন পর্যন্ত আহব্বান করা হয় নাই। তবে অচিরেই দরপত্র আহব্বান করা হবে। কোভিট-১৯ প্রকল্পের ৩.০৯ কোটি টাকার কাজের অগ্রগতি ১০০%, RUTDP প্রকল্পের ২০ কোটি টাকার কাজের অগ্রগতি ১৫%।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব মো: মফিজুর রহমান মনা বলেন যে, পৌর এলাকার মধ্যে যে সকল রাস্তা ও ড্রেন খারাপ অবস্থায় আছে সেগুলি দ্রুত সংস্কার করার জন্য অনুরোধ করেন এবং হাসপাতাল রোডে অবস্থি যে সকল ভবনের পানি পাইপ এর মাধ্যমে রাস্তার উপর ফেলছে তা অপসারণ করার জন্য ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন। | ক. খারাপ রাস্তা/ড্রেন সমুহ দ্রুত মেরামত করার সুপারিশ হয়।<br>খ. RUTDP প্রকল্পের কাজ দ্রুততারসাথে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেওয়ার জন্য সহকারী/উপসহকারী প্রকৌশলীকে সভায় নির্দেশনা দেওয়া হয়।<br>গ. ভবনের ছাদের পানি পাইপ এর মাধ্যমে রাস্তার উপর ফেলে জনসাধারনের চলাচলে বিঘ্ন কারী বাড়ির মালিকে অবৈধ পাইপ লাইন অপসারণ করার জন্য শহরে মাইকিং করার সুপারিশ গৃহীত হয়। | সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার/ উন্নয়ন বাস্তবায়ন কমিটি | ৩ মাস |

| | | | | |
|---|---|---|---|---|
| বিবিধঃ<br>ক. আবুল হোসেন পাবলিক লাইব্রেরী (শ্রীমন্ত টাউন হল) নিলাম সংক্রান্ত বিষয়ে আলোচনা:- | সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন যে, শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীকে আরো আধুনিকায়ন করা হবে। বর্ণিত লাইব্রেরীর কাঁচের দেয়ালগুলো নতুন ভাবে সংযোজন পূর্বক পুনঃস্থাপন করা হয়েছে এবং সকল বইগুলো শেলফে উঠানো হয়েছে। শিক্ষা ও আইসিটি কর্তৃক রিপোর্ট না পাওয়ার ফলে সভা বিলম্ব হচ্ছে। সভায় উপস্থিত দৈনিক সময়ের সমীকরণের সাংবাদিক জনাব সানভি বলেন আবুল হোসেন পাঠাগার দ্রুত সংস্কার করার পাশাপাশি বড় বাজারে ১টি পাবলিক টয়লেট স্থাপনের প্রস্তাব করেন। সভায় উপস্থিত TLCC সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি ও TLCCসদস্য প্রফেসর জনাব মোঃ সিদ্দিকুর রহমান বলেন শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীর বিষয়ে সকলে একসাথে বসে সঠিক সিদ্ধান্ত নেওয়ার প্রস্তাব করেন। | ক. চুয়াডাঙ্গা পৌরসভার অধীন শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীকে আরো আধুনিকায়ন করার সুপারিশ করা হয় এবং শিক্ষা ও আইসিটি কর্তৃক রিপোর্ট পাওয়ার পর সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. লাইব্রেরীর কাঁচের দেয়ালগুলো নতুন ভাবে সংযোজন পূর্বক পুনঃস্থাপন করা হয়েছে এবং সকল বইগুলো শেলফে উঠানো হয়েছে। | | |
| খ. পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে রাস্তা/ড্রেন সংস্কার করা বিষয়ে আলোচনা:- | সভায় উপস্থিত TLCCসদস্য জনাব মোঃ মফিজুর রহমান মনা বলেন রেড ক্রিসেন্ট হতে পলাশ পাড়া রাস্তার আশে পাশের বাড়ী যাওয়ার রাস্তা সংস্কার এবং বাদল মোড় হতে হাসপাতাল রোডে যানজটের জন্য জনদূভোগ সৃষ্টি হচ্ছে। সে ক্ষেত্রে অত্র এলাকায় যে সকল ক্লিনিক আছে তার সামনে যেত কোন প্রকান যান বাহন অযথা দাড়িয়ে না থাকে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেন। সভায় উপস্থিত জনাব মাহাবুব আশিক শফি বলেন হাসপাতাল রোডে যানবাহন চলাচলের সুবিধার্থে একমুখি রাস্তা করার বিষয়ে প্রস্তাব করেন। সভায় উপস্থিত জনাব আশরাফুল বিশ্বাস মিল্টু বলেন কানা পুকুর হতে পৌর কলেজ পর্যন্ত রাস্তার পাশে ড্রেনের ব্যবস্থা করা ও শহরে অবৈধ মাইকিং বন্ধ করার বিষয়ে প্রস্তাব করেন।<br>সভায় উপস্থিত TLCCসদস্য জনাব মোঃ ওহিদুল ইসলাম বলেন সরকারি কলেজের পূর্ব পাশে অবস্থিত খলিল মালিক হাসপাতালে ডায়ালোসিস রুগিদের সুবিধার্থে রাস্তা ও ড্রেনের ব্যবস্থা গ্রহন করার জন্য প্রস্তাব করেন।<br>সভায় উপস্থিত TLCCসদস্য জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন ফার্ম পাড়া সাজুর বাড়ী হতে মিলনের বাড়ী পর্যন্ত রাস্তা হতে ড্রেন ৩ফিট নীচু হওয়ায় তা দ্রুত সংস্কার করা প্রয়োজন এবং উক্ত এলাকায় সড়কবাতি স্থাপনের প্রস্তাব করেন।<br>সভায় উপস্থিত TLCCসদস্য জনাব মোছাঃ রহিমা খাতুন বলেন ০৩নং ওয়ার্ডের শাপলা গেইট হতে মডেল মসজিদ পর্যন্ত রাস্তা করা এবং শাপলা গেটের পাশে মার্কেটের লোকজন গিয়ে প্রসাব করায় রাস্তা চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। সে ক্ষেত্রে উক্ত স্থানে সচেতনতা মূলক সাইন বোর্ড স্থাপনের জন্য প্রস্তাব করেন।<br>TLCCসদস্য জনাব মোছাঃ নাছরিন আক্তার বলেন ২নং ওয়ার্ডে মহিলা কলেজ পাড়ার বিভিন্ন রাস্তায় ড্রেন পানির লাইন স্থাপন করা প্রয়োজন মর্মে প্রস্তাব করেন।<br>আমন্ত্রিত অতিথি জনাব শাহ আলম সনি বলেন চাঁদমারী মাঠের পাশের রাস্তাগুলি সংস্কার করা এবং বৈদ্যুতিক পোলে সড়কবাতি স্থাপনের জন্য প্রস্তাব করেন। | প্রত্যেক ওয়ার্ডের ড্রেন পরিষ্কার করাসহ মশক নিধনের কার্যক্রম অব্যাহত আছে। মশক নিধনে পৌরসভার প্রত্যেকটি ড্রেন কমিটি করে ক্রাশ প্রোগ্রাম নিয়ে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং এধারা অব্যাহত আছে। তবে পৌর নাগরিকদের আরো বেশি দায়িত্বশীল আচরণ প্রয়োজন।<br>যে সকল সড়কে বৈদ্যুতিক পোল আছে কিন্তু বিদ্যুতের লাইন নাই সে সকল বৈদ্যুতিক পোলে সড়কবাতি স্থাপনের জন্য ওজোপাডিকো, চুয়াডাঙ্গার সাথে যোগাযোগ করার সুপারিশ করা হয়। | প্রশাসক/পৌর পরিষদ/ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | ৩ মাস |

| | | | | |
|---|---|---|---|---|
| গ. শহরে সিসি ক্যামেরা স্থাপন বিষয়ে আলোচনা:- | * TLCC সদস্য জনাব মোছা ঃ হাসনাত জাহান খুসবু পৌর এলাকার মধ্যে সিসি ক্যামেরা স্থাপনে কোন প্রকার অনাপত্তি আছে কিনা জানতে চান। পৌর এলাকার মধ্যে আশা ও যাওয়ার স্থানে সিসি ক্যামেরা স্থাপনের প্রস্তাব করেন। রেলওয়ের পাশে প্রধান সড়কে গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা স্থাপনের জন্য প্রস্তাব করেন। | শহরে সিসি ক্যামেরা স্থাপন করার বিষয়ে জানানো হয় পুলিশ প্রশাসন সে বিষয়ে দেখভাল করছেন এবং মার্কেট ও ভবনের মালিকগন তাদের নিরাপত্তার স্বার্থে নিজস্ব উদ্যোগে ক্যামেরা স্থাপন করতে পাবেন। | | |
| ঘ. ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে আলোচনা:- | TLCC সদস্য জনাব রউফুন নাহার রিনা বলেন যে, বাস টার্মিনালের পর মেইন রোডের পাশের ময়লা আবর্জনা পরিস্কারের করার পাশাপাশি বাস টার্মিনাল এলাকায় ১টি পাবলিক টয়লেট স্থাপনের জন্য প্রস্তাব করেন।<br><br>TLCC এর অপর সদস্য জনাব সোহেল মালিক (সুজন) বলেন বাসটার্মিনাল এর টয়লেটটি নিয়মিত পরিস্কার করা সহ ২৪ ঘন্টা খোলা রাখার জন্য প্রস্তাব করেন। বাস টার্মিনালের পানির পাম্পের পাইপ লিক আছে তাহা মেরামত করার জন্য প্রস্তাব করেন। | বাস টার্মিনালের পর মেইন রোডের পাশের ময়লা আবর্জনা পরিস্কার করার সিদ্ধান্ত গৃগীত হয়। পাশাপাশি বাসটার্মিনালে অবস্থিত পাবলিক টয়লেট সংস্কার করার প্রস্তাব গৃহীত হয়। | | |
| ঙ. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিষয়ে আলোচনা:- | TLCC সদস্য জনাব মিনহাজ আহম্মেদ বলেন পৌর এলাকায় মধ্যে কেহ যাহাতে মাদকদ্রব্য ব্যবহার না করতে পারে তার জন্য পশুহাট পাড়া মোড়ের পোলে লাইট স্থাপন সহ পশুহাট পাড়া প্রাইমারী স্কুল, শ্মশান মোড় এলাকায় মাদকদ্রব্য বিক্রয় করা হয়। | | | |

সম্মানিত সভাপতি ও পৌর প্রশাসক মহোদয় সভায় উপস্থিত TLCC-র সদস্যদের ধন্যবাদসহ সবাইকে পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকলে এগিয়ে আসা এবং উন্নয়নের অংশীদার হওয়ার আহব্বান জানান। অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫/০৩/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/TLCC-৩/৪-২০১৮/২০২৬/২৩০(৫০)

তারিখ ঃ ২৫-০৩-২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩। জনাব.........................................................................................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা।
০৪। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা।

২৫/০৩/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা